

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি মাধ্যমিক-২  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



নং- ৩৭.০০.০০০০.০৭৩.৩৩.১৫০.২১-১০৩

তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৭  
২৮ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: সরকারি ও বেসরকারি (এম.পি.ও./নন এম.পি.ও.) শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) সকল শিক্ষক-কর্মচারীদের কোভিড-১৯ ভ্যাকসিন গ্রহণের লক্ষ্যে জরুরিভিত্তিতে তালিকা প্রেরণ ও ভ্যাকসিন গ্রহণ।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা প্রতিষ্ঠান খোলার পূর্বে সকল শিক্ষক-কর্মচারীকে কোভিড-১৯ এর ভ্যাকসিন প্রদানের জন্য সরকার কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তৎপ্রেক্ষিতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(ক) যে সমস্ত শিক্ষক-কর্মচারীর বয়স ৪০ বা তদুর্ধ্ব তাঁদেরকে [www.surokha.gov.bd](http://www.surokha.gov.bd)-তে নিবন্ধন করে ভ্যাকসিন গ্রহণ নিশ্চিত করতে হবে;

(খ) সরকারি ও বেসরকারি (এম.পি.ও./নন এম.পি.ও.) শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) যে সকল শিক্ষক-কর্মচারীর বয়স ৪০ এর নীচে তাঁদের তালিকা নিম্নোক্ত ছকে সমন্বিত করে মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তরে সফটকপি প্রেরণ করতে হবে এবং স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক তাঁদের নিবন্ধন অপশন নিশ্চিত করার পর তাঁদেরকেও নিবন্ধন করে ভ্যাকসিন গ্রহণ করতে হবে;

বিভাগ	জেলা ও উপজেলা/থানা	সরকারি ও বেসরকারি শিক্ষক-কর্মচারীর নাম ও পদবী (৪০ বছরের নীচে)	এনআইডি	জন্ম তারিখ	শিক্ষা প্রতিষ্ঠানের নাম

০২। বিষয়টি অতীব জরুরি।

  
(আনোয়ারুল হক)

উপসচিব

ফোন: ৯৫৭০৬৭২

as.sec3@moedu.gov.bd

বিতরণ:


- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।

নং- ৩৭.০০.০০০০.০৭৩.৩৩.১৫০.২১-১০৩

তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৭  
২৮ ফেব্রুয়ারি ২০২১

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে- অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড (সকল)।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। অফিস কপি।

  
(আনোয়ারুল হক)  
উপসচিব